"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা

জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | কাজী রওশন আক্তার<br>সচিব |
| সভার তারিখ | ২২ জুলাই, ২০২০ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, বাংলাদেশ শিশু একাডেমি |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগষ্ট ২০২০ তারিখ শনিবার স্বাস্থ্যবিধি মেনে যথাযথ ও ভাবগম্ভীর পরিবেশে **জাতীয় শোক দিবস-২০২০** পালনের জন্য সকলকে আহবান জানান। অতঃপর জাতীয় শোক দিবস-২০২০ পালন উপলক্ষে এ মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণ বিষয়ে গত ১৬ জুলাই, ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনা হয়।

০২. দপ্তর/সংস্থার প্রধানগণসহ সভায় উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। জাতীয় শোক দিবস-২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য পূর্ব প্রস্তুতি গ্রহণ করেছেন মর্মে জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক এবং বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক সভাকে অবহিত করেন।জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষে গৃহিত কর্মসূচি তদারকির জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)কে আহবায়ক করে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৩. বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগষ্ট ২০২০ তারিখ শনিবার মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি, জয়িতা ফাউন্ডেশন এবং অধিনস্থ জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা |
| ২. | (ক) স্বাস্থ্যবিধি মেনে ১৫ আগষ্ট ২০২০ তারিখ শনিবার সকাল ৮.০০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ব্যানারে অধিনস্থ দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশনের সমন্বয়ে পুস্পস্তবক অর্পণ<br>(খ) বঙ্গবন্ধুর ছবি এবং মন্ত্রণালয়ের নাম সম্বলিত ২০টি ক্যাপ তৈরী করা। | প্রশাসন (অনুবিভাগ) |
| ৩. | ১৫ আগষ্ট ২০২০ তারিখ শনিবার সকাল ১০.০০ টায় ভার্চুয়াল পদ্ধতিতে বঙ্গবন্ধু বিষয়ক শিশুদের ছড়া/ কবিতা/স্বরচিত কবিতা পাঠ আয়োজন; | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৪. | ঐদিন দুপুর ১১.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমিতে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন | মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা |
| ৫. | ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি থেকে বিশেষ 'শিশু' সংখ্যা প্রকাশ | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৬. | জাতীয় শোক দিবস উপলক্ষে শিশু বিকাশ কেন্দ্র, ডে-কেয়ার সেন্টার, মহিলা সহায়তা কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন | মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা |
| ৭. | জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে স্বাস্থ্যবিধি মেনে জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে মন্ত্রণালয়ের অধিনস্থ জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ | মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা |
| ৮. | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৭টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের বিষয়ে শিশু একাডেমি কর্তৃক ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | বাংলাদেশ শিশু একাডেমি |

| | | |
|---|---|---|
| ৯. | জাতীয় শোক দিবস-২০২০ এর গৃহিত কর্মসূচি তদারকির জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়ঃ<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম — আহবায়ক<br>২। যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম — সদস্য<br>৩। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর — সদস্য<br>৪। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা — সদস্য<br>৫। জনাব মাসুদা খাতুন, পরিচালক, জয়িতা ফাউন্ডেশন — সদস্য<br>৬। উপ-পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি — সদস্য<br>৭। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), মশিবিম — সদস্য সচিব | মশিবিম এর অধিনস্থ সকল দপ্তর/সংস্থা |
| ১০. | জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচিসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে আগষ্ট ২০২০ মাসের ৯/১০ তারিখে ফলো-আপ সভা আহবান করা হবে। | মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্থা |

০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী রওশন আক্তার
সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.২৩.০৩৯.২০.৩৮৫

তারিখ: ৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
৪) উপসচিব/উপপ্রধান (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৭) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল)/প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার/লাইব্রেরীয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব